দৈনিক বাংলা

তারিখ 11 JUL 1998
পৃষ্ঠা ৮ কলাম ৭

৭৭

77

# এইচএসসি পরীক্ষায় নকল রোধের ব্যবস্থা নিন : শিক্ষক সমিতি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

শিক্ষকদের বিভিন্ন সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে আসন্ন এইচএসসি পরীক্ষায় সকল প্রকার দুর্নীতি ও নকল প্রবণতা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহবান জানিয়েছে।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারী জেনারেল প্রিন্সিপ্যাল এ কে এম শহীদুল্লাহ এক বিবৃতিতে এইচএসসি পরীক্ষায় নকল প্রবণতা প্রতিরোধকল্পে সর্বাত্মক প্রস্তুতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরীক্ষার কাজের দায়িত্বপ্রাপ্ত সকল শিক্ষক-শিক্ষিকা ও সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়েছেন।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি এক বিবৃতিতে এইচ এসসি পরীক্ষায় নকলের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তোলার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়েছে।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির সভাপতি প্রিন্সিপ্যাল জাহানারা বেগম ও সাধারণ সম্পাদক প্রফেসর এ কে এম আলী রেজা এক যুক্ত বিবৃতিতে দুর্নীতি ও নকল প্রবণতাকে আত্মঘাতী পন্থা হিসেবে আখ্যায়িত করে এর করাল গ্রাস থেকে জাতিকে রক্ষার জন্য প্রশাসন, শিক্ষক, অভিভাবক ও সর্বস্তরের জনগণের প্রতি আহবানজানিয়েছেন।

## কেন্দ্রের দুইশ' গজের মধ্যে ১৪৪ ধারা

সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের স্বার্থে ঢাকা মহানগরীর ২৩টি এইচএসসি পরীক্ষা কেন্দ্রের দুইশত গজের মধ্যে ১৪৪ ধারায় একত্রে চার ব্যক্তির উর্ধ্বে জমায়েত ও চলাফেরা সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

ঢাকা মহানগর পুলিশের ভারপ্রাপ্ত পুলিশ কমিশনার গতকাল এ আদেশ জারী করেছেন। এই আদেশ ১২ই জুলাই থেকে ৭ই আগস্ট পর্যন্ত পরীক্ষা চলাকালীন দিনগুলিতে বলবৎ থাকবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।